

সিডনী কাঁদিয়ে গেলেন বারী সিদ্দিকী

আনিসুর রহমান

গত ২২ শে মার্চ বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়া আয়োজিত বারী সিদ্দিকীর অনুষ্ঠানে গিয়েছিলাম। তাঁর গানের সাথে আমার খুব একটা পরিচয় ছিল না। দীর্ঘদিন বিদেশে থাকলে যা হয়। এ অনুষ্ঠানের ব্যাপারে সবার বিপুল উৎসাহ দেখে বুঝেছিলাম এ অনুষ্ঠানে যেতেই হবে। হল ভর্তি সাত আটশো মানুষের সাথে বসে মন্ত্রমুগ্ধের মত তাঁর গান শুনে মনে হলো - কিছুইতো শোনা হলো না! এমন কৃষ্ণের বাঁশি আর প্রাণ কাঁদানো গান সারা রাত ভরে না শুনলে কি প্রাণ ভরে! অনেক দিন এমন অনুষ্ঠান দেখিনি।

এসোসিয়েশনের সাধারণ সম্পাদক জনাব গিয়াস উদ্দিন মোল্লার প্রারম্ভিক ভাষণ, ক্ষুদ্রে শিল্পী অনিশা দাসের গান এবং অরিত্রী বড়ুয়ার চমৎকার নাচ দিয়ে শুরু হলো অনুষ্ঠান। উপস্থাপন করেছেন সাইয়েবা জালাল মুনা।

বারী সিদ্দিকী, "করো তোমার মনে যাহা লয়" - এই গানটি দিয়ে অনুষ্ঠান শুরু করলেন। তার পর বিরতীর আগ পর্যন্ত একে একে গাইলেন, "আমি একটা জিন্দা লাশ", "ভাবের দেশে চলরো মানুষ", "ওরে দুই সতিন যার ঘরে - কথায় কথায় বিবাদ করে", "মনের দুঃখ মনে রইলো রে", "ঘরে জালা বাইরেও জালা", "আষাঢ় মাইস্যা ভাসা পানি" এবং "মানুষের ভিতরে মানুষ"।

বিরতীর সময় যাদু দেখিয়েছেন সিডনীবাসি প্রখ্যাত যাদুকর এম এ জলিল। এবার নতুন বেশে নতুন সাজে দেখাগেল জলিল সাহেবকে। বিরতীর সময় বারী সিদ্দিকীর সাথে আলাপ করার জন্য গ্রীণরুমে গিয়েছিলাম বলে জলিল সাহেবের যাদু দেখা হয় নি।

বারী সিদ্দিকীর জন্ম ১৯৫৪ সালে ময়মনসিংহের নেত্রকোনায়। বাড়িতে সঙ্গীত চর্চা হতো। মা এবং ভাই গান করতেন। তাদের কাছেই তাঁর সঙ্গীতে হাতে খড়ি। লেখাপড়া করেছেন নেত্রকোনাতেই পরে ইসলামিক ইতিহাসে স্নাতকোত্তর ডিগ্রী নিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে। ভারতে গিয়ে উচ্চাঙ্গ সঙ্গীতের তালিম নিয়েছেন ওস্তাদ পান্নলাল ঘোষের শিষ্য ওস্তাদ আমিনুর রহমানের কাছে। ১৯৮৮ সাল থেকে তিনি বাংলাদেশ টেলিভিশনে সঙ্গীত পরিচলক হিসাবে নিয়োজিত।

তাঁর সিডনী আসা নিয়ে বেশ কিছু সমস্যা হয়েছিল। এ ব্যাপারে তিনি বিশেষ কিছু বলেননি তবে অনুরোধ করেছেন যেন ভবিষ্যতে শিল্পীদের হয়রানি করা না হয়। তাঁর সিডনী আসা নিয়ে সৃষ্ট ঝামেলা নিরসনে বাংলা বার্তা পত্রিকার সম্পাদক জনাব আসলাম মোল্লার আন্তরিক সহযোগিতার কথা তিনি কৃতজ্ঞতার সাথে উল্লেখ করেন।

বিরতীর পরে সময় সংক্ষিপ্ততার কারণে বারী সিদ্দিকী আর মাত্র চারটি গান পরিবেশন করেছেন। অত্যন্ত জনপ্রিয়, "শোয়া চান পাখী", গানটি দিয়ে অনুষ্ঠান শেষ করেন বারী সিদ্দিকী।

উপস্থিত দর্শকদের প্রতি আবেগ আপ্নু ত কঠে ধন্যবাদ জ্ঞাপন করেন এসোসিয়েশনের সভাপতি জনাব হারুনুর রশিদ। অত্যন্ত সুন্দর একটি অনুষ্ঠান সফল ভাবে আয়োজন করার জন্য বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার সকল কর্মীদের জানাই আন্তরিক ধন্যবাদ।